

# বাজেট

## অর্থ বছর ২০১৯-২০২০



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন



# বাজেট

## অর্থ বছর ২০১৯-২০২০



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন



# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
মাননীয় মেয়ারের বাজেট বক্তৃতা	১-৬
এক নজরে বাজেট	০৭
বাজেটের রাজস্ব আয়সহ অন্যান্য আয়ের বিবরণ	০৮
বাজেটের রাজস্ব ব্যয়সহ অন্যান্য ও উন্নয়ন ব্যয়ের সারাংশ	০৯
বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ	১০-১২
বাজেটের উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণ	১৩-১৪
উন্নয়ন বাজেটের ১০ নম্বর ক্রমিকের সরঞ্জাম, যন্ত্রপাতি ও সম্পদ ক্রয়ের বিস্তারিত বিবরণ (পরিশিষ্ট ‘ক’)	১৫
সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের বিবরণ (পরিশিষ্ট ‘খ’)	১৬



## বিসমিল্লাহির রহমানির রাহিম

প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার প্রিয় সাংবাদিক বঙ্গুগণ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ,  
কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, প্রিয় নগরবাসী ও উপস্থিত সুধীমঙ্গলী

### আসসালামু আলাইকুম।

আপনারা অবহিত আছেন যে, চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাচনের পর ৭ মার্চ ২০১৯  
তারিখে আমি মেয়র হিসাবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে শপথ গ্রহণ করি। একই দিনে ডিএনসিসির সম্প্রসারিত এলাকার  
১৮ জন ওয়ার্ড কাউন্সিলর ও ৬ জন সংরক্ষিত আসনের কাউন্সিলরগণ শপথ গ্রহণ করেন।

একটি সুস্থ, সচল, আধুনিক ও গতিময় ঢাকা গড়ে তোলার লক্ষ্য নিয়ে ১০ মার্চ ২০১৯ থেকে আনুষ্ঠানিকভাবে আমি দাশুরিক কার্যক্রম  
শুরু করি। আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ঢাকা উত্তরের নগরবাসীর প্রতি যারা আমাকে সর্বদা পরামর্শ, সাহস ও উৎসাহ  
দিয়ে যাচ্ছেন। আমি ডিএনসিসির সম্মানিত কাউন্সিলরবৃন্দ, কর্মকর্তা-কর্মচারীদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি যাদের নিরলস প্রচেষ্টায়  
নাগরিক সেবা নির্বিঘ্নে এগিয়ে যাচ্ছে। সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আমার গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই। তাঁর  
সর্বাত্মক সহযোগিতা, দিক-নির্দেশনা ও পরামর্শে আমাদের সকলের পথ চলা। ২০১৯-২০২০ অর্থবছরের বাজেট ঘোষণা উপলক্ষে  
আয়োজিত আজকের এ সংবাদ সম্মেলনে আপনাদের স্বাগত জানাই। আমাদের আহবানে সাড়া দিয়ে এখানে উপস্থিত হওয়ার জন্য আমি  
আপনাদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

### প্রিয় সাংবাদিক বঙ্গুগণ,

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য নবম বাজেট হলেও মেয়র হিসাবে এটি আমার জন্য প্রথম বাজেট। আমাদের জাতীয় জীবনে এই  
অর্থবছর অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশ রাষ্ট্রের স্বপ্নত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী ২০২০ সালে পালিত হবে। ‘মুজিব বৰ্ষ’, ‘ভিশন ২০৪১’ এবং ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাকে (এসডিজি)’ সামনে রেখে  
ডিএনসিসির কর্মপরিকল্পনা সাজানো হচ্ছে। মেয়র নির্বাচনের সময় আমি মশক নিয়ন্ত্রণ, টেকসই বর্জ্য ব্যবস্থাপনা, জলাবদ্ধতা নিরসন,  
সেবাসমূহ ডিজিটাল পদ্ধতিতে নিশ্চিত করা, রাস্তাটোর আধুনিকায়ন ও সৌন্দর্যবর্ধনের প্রতিশ্রুতি দিয়েছিলাম। তাছাড়া আপনারা  
জানেন নতুন ১৮টি ওয়ার্ড মুক্ত হওয়ায় ডিএনসিসির বর্তমান ওয়ার্ড সংখ্যা ৫৪টি। আয়তনও ৮২.৬২ বর্গ কি.মি থেকে বৃদ্ধি পেয়ে  
১৯৬.২২৮ বর্গ কি.মি হয়েছে।

### সাংবাদিক বঙ্গুগণ,

মেয়র হিসাবে দায়িত্ব গ্রহণের পর ৪ মাস অতিবাহিত হয়েছে। ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশের রাজধানী হিসাবে ঢাকা শহরকে  
প্রস্তুত করা এবং এসডিজির লক্ষ্যমাত্রা-১১ অনুযায়ী সকলের জন্য একটি টেকসই ও নিরাপদ শহর বিনির্মাণে আমরা কর্মপরিকল্পনা প্রণয়ণ  
করছি। আমি এই স্বল্প সময়ের মধ্যে নিরাপদ সড়ক, অগ্নি-নিরাপত্তা, জলাবদ্ধতা, মশক নিয়ন্ত্রণ, বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, নাগরিক  
ভোগান্তি লাঘবে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছি। নিরাপদ সড়ক বিনির্মাণে আমার গৃহীত উদ্যোগগুলো ইতোমধ্যে আপনারা অবগত  
আছেন। ফুটপাত ও সড়কগুলো থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হচ্ছে। এর ফলে জনগণ সহজে ফুটপাত দিয়ে হাটতে পারবে। বিভিন্ন  
স্থানে ফুটওভার ব্রিজ, স্পিড ব্রেকার, জেরো ক্রসিং ইত্যাদি নির্মাণ করা হচ্ছে।

অপরিকল্পিতভাবে গড়ে উঠে এই শহরে আমাদের ভবনগুলো কতোটা ঝুঁকিপূর্ণ তা আপনাদের চেয়ে বেশি কেউ জানে না। আমার  
নির্দেশনায় অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণে ডিএনসিসি বিভিন্ন বেসরকারি সংস্থাকে সাথে নিয়ে কাজ করে যাচ্ছে। দায়িত্ব নেয়ার পরপরই  
জলাবদ্ধতা নিরসনে আমি ডিএনসিসির বিভিন্ন জলাবদ্ধপ্রবণ এলাকায় গিয়েছি। আপনারা জানেন কালশীর জলাবদ্ধতা নিয়ে মানুষ কতটা  
ভোগান্তি করেছে। কালশীর জলাবদ্ধতা লাঘবে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। এখন কালশীতে আগের মতো আর জলাবদ্ধতা হয় না।  
একইভাবে বনানী মেইন রোড, আশকেনা, কসাইবাড়িতে জলাবদ্ধতা নিরসন করা হয়েছে। মেট্রোরেল প্রকল্পের কারণে স্ট জলাবদ্ধতা  
সহীয় মাত্রায় রাখার লক্ষ্যে মেট্রোরেল, ওয়াসা, ডিএনসিসির নিয়ে ত্রিপক্ষীয় কমিটি করে দিয়েছি। খাল রক্ষণাবেক্ষণের দায়িত্ব  
ওয়াসার হলেও আমার নির্দেশে কালশী খাল, বাইশটেকি খাল, এবং সর্বশেষ কল্যাণপুর খাল পরিষ্কার করা হয়েছে। দায়িত্ব অন্য সংস্থার  
হলেও মেয়র হিসাবে নগরবাসী যে কোনো সমস্যা নিয়ে আমার কাছেই আসে সবার আগে।

মশক নিয়ন্ত্রণে বিশেষজ্ঞদের পরামর্শ ও গবেষণার আলোকে ইতোমধ্যে মশার গুরুত্ব পরিবর্তনের নির্দেশ দিয়েছি। মনিটরিং কার্যক্রমে আধুনিকায়ন ও জনসম্প্রীতি বৃদ্ধি করেছি। নগরবাসী ঘরে বসে জানতে পারবেন তাঁর এলাকায় কে কোন দিন মশা মারতে আসেন, তাঁর মোবাইল নম্বর কত, ইত্যাদি।

### সমানিত সুবী,

২০১৯-২০২০ অর্থবছরের বাজেট ঘোষণার পূর্বে ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটের কিছু বিষয় উপস্থাপন করা হলো।  
২০১৮-২০১৯ অর্থবছরের বাজেটে মোট রাজস্ব আয় ৮৫৭ কোটি ২০ লক্ষ টাকা ধরা হয়েছিল, যা সংশোধিত বাজেটে ৭৯৩ কোটি টাকা ধরা হয়। তাছাড়া ‘সরকারি অনুদান (থোক)’, ‘সরকারি বিশেষ অনুদান’ এবং ‘সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের’ অর্থ ১৫০০ কোটি টাকার স্থলে ৭৭২ কোটি ৩৮ লক্ষ টাকা ছাড় পাওয়া যায়। ২০১৮-২০১৯ অর্থবছরে ‘সর্বমোট আয়’ ২৫৬৭ কোটি ৪৫ লক্ষ টাকার স্থলে সংশোধিত বাজেটে ১৮২২ কোটি ৬৩ লক্ষ টাকা করা হয়েছে।

২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত বাজেটে ‘রাজস্ব ব্যয়’ ৪৩৬ কোটি ৪০ লক্ষ টাকার স্থলে ৩৭৯ কোটি ৯৮ লক্ষ টাকা করা হয়।  
উন্নয়ন ব্যয় ১৯৬২ কোটি ৮০ লক্ষ টাকার স্থলে ১২০৯ কোটি ৮৫ লক্ষ টাকা এবং অন্যান্য ব্যয় ১১ কোটি টাকার স্থলে ৫ কোটি ৬০ লক্ষ টাকা করা হয়।

### সংশোধিত বাজেট ২০১৮-২০১৯

প্রাপ্তি		পরিশোধ	
খাত	কোটি টাকায়	খাত	কোটি টাকায়
প্রারম্ভিক স্থিতি	২৪৯.০০		
রাজস্ব আয়	৭৯৩.০০	রাজস্ব ব্যয়	৩৭৯.৯৮
অন্যান্য আয়	৮.২৫	অন্যান্য ব্যয়	৫.৬০
সরকারী অনুদান (থোক)	৫৪.৭৮	উন্নয়ন ব্যয় (নিজের উৎস সরকারী অনুদান)	৫০৫.৭৫
সরকারী বিশেষ অনুদান	১৩.৫০	উন্নয়ন ব্যয় (সরকারী/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প)	৭০৪.১০
সরকারী/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প	৭০৪.১০	সমাপনী স্থিতি	২২৭.২০
মোট	১৮২২.৬৩	মোট	১৮২২.৬৩

### উপস্থিতি সাংবাদিকবৃন্দ,

আমার প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর একটি নির্দেশনা রয়েছে। নির্দেশনাটি হচ্ছে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে নিজের পায়ে দাঁড়াতে হবে। নিজের পায়ে দাঁড়াতে হলে রাজস্ব আয় বৃদ্ধির বিকল্প নেই। ২০১৯-২০২০ অর্থবছরে মোট রাজস্ব আয় ১১০৬ কোটি ৪০ লক্ষ টাকা ধরা হয়েছে, যা গত অর্থবছরের চেয়ে ৩১৩ কোটি ৪০ লক্ষ টাকা বেশি। আমি আশা করছি এ অর্থবছরে মূলত ‘গৃহকর’, ‘বাজার সালামী’, ‘টেড লাইসেন্স ফি’, ‘সম্পত্তি হস্তান্তর কর’ ও ‘সড়ক খনন ফি’ বাবদ আয় বৃদ্ধি পাবে। বলাবাঙ্গল্য নতুন ওয়ার্ডগুলোতে হোল্ডিং অ্যাসেমব্লেন্ট করা হলে ভবিষ্যতে গৃহকর বাবদ রাজস্ব আয় অনেক বেড়ে যাবে।

‘সরকারি অনুদান (থোক)’, ‘সরকারি বিশেষ অনুদান’ ও ‘সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প’ বাবদ চলতি অর্থবছরে ১৭১৪ কোটি ৬৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে বলে প্রাকলন করা হচ্ছে। ‘অন্যান্য আয়’ ৯ কোটি টাকা হবে ধরে ২০১৯-২০২০ অর্থবছরে সর্বমোট ৩০৫৭ কোটি ২৪ লক্ষ টাকা মোট আয় প্রাকলন করা হয়েছে।

## বাজেট ২০১৯-২০২০

প্রাপ্তি		পরিশোধ	
খাত	কোটি টাকায়	খাত	কোটি টাকায়
গ্রাহিক স্থিতি	২২৭.২০		
রাজস্ব আয়	১১০৬.৮০	রাজস্ব ব্যয়	৫৫১.৮০
অন্যান্য আয়	৯.০০	অন্যান্য ব্যয়	১২.০০
সরকারী অনুদান (থোক)	১০০.০০	উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস, সরকারী অনুদান)	৭৭১.১০
সরকারী বিশেষ অনুদান	৫০.০০	উন্নয়ন ব্যয় (সরকারী/বৈদেশিক সাহায্যপূর্ণ প্রকল্প)	১৫৬৪.৬৪
সরকারী/বৈদেশিক সাহায্যপূর্ণ প্রকল্প	১৫৬৪.৬৪	সমাপনী স্থিতি	১৫৮.১০
মোট	৩০৫৭.২৪	মোট	৩০৫৭.২৪

### গণমাধ্যমে কর্মরত প্রিয় বন্ধুরা,

নতুন ওয়ার্ডগুলো থেকে রাজস্ব আদায় না হলেও ব্যয়ের প্রতিটি খাতে নতুন ওয়ার্ডগুলোকেও বিবেচনায় আনা হয়েছে। এর ফলে প্রতিটি খাতে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে।

সম্প্রসারিত এলাকাসমূহে অন্তত মৌলিক নাগরিক সেবাসমূহ বাস্তবায়ন করার জন্য আমি সচেষ্ট থাকবো। বিশেষ করে বর্জ্য ব্যবস্থাপনা, মশক নিয়ন্ত্রণ এবং এ সংক্রান্ত আধুনিক যন্ত্রপাতি ক্ষেত্রের উপর আমি জোর দিচ্ছি। মৌলিক নাগরিক সেবা খাতসমূহের ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বরাদ্দের সাথে ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দের তুলনামূলক একটি চিত্র নিম্নে দেয়া হলো।

খাত	২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বরাদ্দ কোটি টাকায়	২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ কোটি টাকায়	বরাদ্দ বৃদ্ধির হার (%)
মশক নিয়ন্ত্রণ কার্যক্রম	১৭.৫০	৮৯.৩০	১৮২%
প্রাথমিক স্বাস্থ্য পরিচার্যা	০.২০	১.৫০	৬৫০%
কল্যানমূলক ব্যয় (ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান, প্রাক্তিক দুর্যোগ ব্যবস্থাপনা, সমাজকল্যান মূলক কার্যক্রম, ইত্যাদি)	১১.০০	১৫.০০	৩৬%
নগরীর বর্জ্য ব্যবস্থাপনা	৬৩.৬০	৮৬.০০	৩৫%
ল্যান্ডফিল রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন	৯.০০	১০.০০	১১%
সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন	০.৫০	৫.০০	৯০০%
বর্জ্য বিভাগের মাধ্যমে যন্ত্রপাতি আধুনিকায়ন, উন্নয়ন ও ক্রয়	৯.৫০	২০.০০	১১১%
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের ট্রাক, মটরসাইকেল	০.৫০	৫.০০	৯০০%
মশক নিয়ন্ত্রণ যন্ত্রপাতি	৮.০০	১০.০০	২৫%

### সাংবাদিক বন্ধুগণ,

আমি ২০১৯-২০২০ অর্থবছরের ব্যয়ের উল্লেখযোগ্য খাতসমূহ উল্লেখ করছি। কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, নগরীর বর্জ্য-ব্যবস্থাপনা, মশক নিয়ন্ত্রণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ, বিদ্যুৎ, জ্বালানী ও পানি, সরবরাহসহ অন্যান্য রাজস্ব ব্যয় ৫৫১ কোটি ৪০ লক্ষ টাকা প্রাক্তলন করা হয়েছে।

একটি সচল ও আধুনিক ঢাকা গড়ার লক্ষ্য নিয়ে এ বাজেটে নিজস্ব উৎস ও সরকারি অনুদানে সড়ক ও ট্রাফিক অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন খাতে ৩৬৩ কোটি টাকা, কবরস্থান/শ্যাশানাট সংস্কার ও উন্নয়ন খাতে ৭ কোটি ২৫ লাখ, পার্ক ও খেলার মাঠ উন্নয়নে ৪ কোটি টাকা, ভৌত অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণে ৭৬ কোটি ৭৫ লক্ষ টাকা এবং পরিবেশ উন্নয়নে ২৩ কোটি ৩৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। চলতি অর্থবছরের উন্নয়ন বাজেট খাতে সর্বমোট ২৩৩৫ কোটি ৭৪ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে যা মোট বাজেটের প্রায় ৭৬ শতাংশ।

২০১৯-২০২০ অর্থবছরে ডিএনসিসির নিজস্ব অর্থায়নে ৪৫ কি.মি. সড়ক, ৪০ কি.মি. নর্দমা এবং ১০ কি.মি. ফুটপাত নির্মাণ, উন্নয়ন ও সংস্কার করা হবে। এছাড়াও ২০১৯-২০২০ অর্থবছরে ডিএনসিসির নিজস্ব অর্থায়নে ও বিভিন্ন প্রকল্পের আওতায় ১২,৯২৮টি এলইডি বাতি স্থাপনসহ ৫টি ফুটওভার ব্রিজ, ২টি পার্ক, ৩টি খেলার মাঠ, ৩টি কবরস্থান, ১০টি পাবলিক টয়লেট ও ১টি কমিউনিটি সেন্টার নির্মাণ ও সংস্কার করা হবে।

প্রিয় সাংবাদিকবৃন্দ,

২০১৮-২০১৯ অর্থবছরে ডিএনসিসির নিজস্ব অর্থায়নে ৩২.১৪ কি.মি. সড়ক, ৩০.৪৫ কি.মি. নর্দমা এবং ৬.৪৪ কি.মি. ফুটপাত নির্মাণ, উন্নয়ন ও সংস্কার করা হয়েছে। এছাড়া ২০১৮-২০১৯ অর্থবছরে ডিএনসিসির নিজস্ব অর্থায়নে ও বিভিন্ন প্রকল্পের আওতায় ৫,৫৭৯টি এলইডি বাতি স্থাপনসহ ৫টি ফুটওভার ব্রিজ, ১টি পার্ক, ১টি খেলার মাঠ, ১টি কবরস্থান, ২টি পাবলিক টয়লেট ও ২টি কমিউনিটি সেন্টার নির্মাণ ও সংস্কার করা হয়েছে।

২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত উন্নয়ন বাজেটের সাথে ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেটের গুরুত্বপূর্ণ কয়েকটি খাতের তুলনামূলক চিত্র

খাত	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯ (কোটি টাকায়)	বাজেট ২০১৯-২০২০ (কোটি টাকায়)	বৃদ্ধির হার (%)
সড়ক ও ট্রাফিক অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন	২৩৫.৭৫	৩৬৩.০০	৫৪%
কবরস্থান/শাশানঘাট সংস্কার ও উন্নয়ন	৮.০০	৭.২৫	৮১%
ভোত অবকাঠামো নির্মাণ, উন্নয়ন/ রক্ষণাবেক্ষণ	৮৩.৭৫	৭৬.৭৫	৭৫%
পরিবেশ উন্নয়ন	১৪.৫০	২৩.৩৫	৬১%
নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান	০.২৫	১.০০	৩০০%
ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	১.০০	১৫.০০	১৪০০%
সরঞ্জাম, যন্ত্রপাতি সম্পদ ক্রয়	৩২.৫০	৯০.৭৫	১৭৯%

#### চলমান প্রকল্পসমূহ:

- ৩৫০ কোটি টাকা ব্যয়ে ঢাকা শহরের মহাখালী, যাত্রাবাড়ী ও আমিনবাজারে ৩টি পাইকারী কাঁচাবাজার নির্মাণ প্রকল্প চলমান আছে, যা ডিসেম্বর-২০২০ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে কাওরান বাজারের কাঁচাবাজার-সহ ৩টি মার্কেট স্থানস্থানের মাধ্যমে ঢাকা শহরের যানজট নিরসন হবে এবং ন্যায্যমূল্যে কৃষিজাত পণ্য বাজারজাতকরণ সম্ভব হবে।
- ৭৪৬ কোটি টাকা ব্যয়ে আরবান রিজিলিয়েন্স প্রজেক্ট (ইউআরপি, ডিএনসিসি অংশ) প্রকল্প চলমান রয়েছে; যা জুন-২০২০ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগ মোকাবেলায় ১টি Emergency operating center এবং কয়েকটি Disaster management office স্থাপন করা হবে এবং বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হবে।
- ১০২৫ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয়ে “ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ক্ষতিগ্রস্ত সড়ক অবকাঠামো উন্নয়নসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ” প্রকল্প চলমান রয়েছে; যা ডিসেম্বর-২০১৯ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের আওতায় ইতোমধ্যে ২০৬ কি.মি. রাস্তা, ২৮৮ কি.মি. নর্দমা ও ১৪৪ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে এবং আরও ২০.৪২ কি.মি. রাস্তা, ৩০ কি.মি. নর্দমা ও ৬৩.৪৬ কি.মি. ফুটপাত নির্মাণ ও উন্নয়নের কাজ চলমান আছে। উক্ত প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকা বিশেষ করে মিরপুর এলাকায় যানবাহন চলাচল সহজতর এবং জলাবদ্ধতা হ্রাস পাবে।
- ৪৯ কোটি ৬২ লক্ষ টাকা ব্যয়ে “ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন কাজের জন্য এ্যাসফল্ট প্ল্যান্ট সংশ্লিষ্ট যান যন্ত্রপাতি ক্রয় এবং স্থাপন” শীর্ষক প্রকল্প, যা জুন-২০২০ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে গাবতলীতে ১টি অত্যাধুনিক এ্যাসফল্ট প্ল্যান্ট স্থাপন, সড়ক নির্মাণ ও নিরাপত্তা সহায়ক আনুষঙ্গিক যান-যন্ত্রপাতি ক্রয় করা হবে।
- ৩৬৯ কোটি ১৪ লক্ষ টাকা ব্যয়ে “ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় এলইডি সড়কবাতি, সিসিটিভি ক্যামেরা ও সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন” শীর্ষক প্রকল্পের কাজ চলমান আছে, যা ডিসেম্বর-২০২১ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ডিএনসিসি এলাকায় ৪২,৪৫০টি আধুনিক এলইডি সড়ক বাতি স্থাপন করা হবে।
- ২২১ কোটি ৪৯ লক্ষ টাকা প্রাকলিত ব্যয়ে গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারবাসীদের জন্য বহুতলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্প চলমান আছে; যা জুন-২০২১ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৭৮৪ জন পরিচ্ছন্ন কর্মীর জন্য ৪টি ১৫ তলা আবাসিক ভবন নির্মাণ এবং একটি স্কুল নির্মাণ কাজ করা হবে।
- ২৭৯ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে “ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্নুক্ত স্থানসমূহের আধুনিকায়ন উন্নয়ন ও সবুজায়ন প্রকল্প” চলমান রয়েছে; যা জুন-২০২১ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ২২টি পার্ক এবং ৪টি খেলার মাঠ উন্নয়ন, ১৫টি ফুটওভার ব্রিজ উন্নয়ন ও সৌন্দর্যকরণ, ৭৩টি স্বাস্থ্যসম্মত পাবলিক টয়লেট নির্মাণ এবং ৪টি কবরস্থান উন্নয়ন কাজ করা হবে।

- ২৪ কোটি ৮৩ লক্ষ টাকা ব্যয়ে ঢাকা তেজগাঁও সাতরাস্তা মোড় থেকে উত্তরার হাউজ বিল্ডিং পর্যন্ত ১১টি ইউর্টান নির্মাণ কাজ চলমান আছে; যা ডিসেম্বর-২০১৯ তে সমাপ্ত হবে। উক্ত প্রকল্পটি যানযাত্র নিরসনে সহায়ক ভূমিকা রাখবে।
- ১০০ কোটি টাকা ব্যয়ে বিশ্ব ব্যাংকের সাহায্যপুষ্ট বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর অর্থায়নে ঢাকা ইন্টিগ্রেটেড আরবান ডেভেলপমেন্ট প্রকল্পটির আওতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রাধীন উত্তরা এলাকায় ২.১৮ কি.মি. ড্রেনেজ উন্নয়ন মেরামত ও ২০০ মিটার ফুটপাত নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় বর্জ্য ব্যবস্থাপনা শক্তিশালীকরনের নিমিত্তে ৩টি ড্রাম্প ট্রাক ও ১টি রোড সুইপার ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- ৬১২ কোটি টাকা ব্যয়ে “ইসিবি চতুর হতে মিরপুর পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন এবং কালশী মোড়ে ফ্লাইওভার নির্মাণ শীর্ষক” প্রকল্পের কাজ চলমান আছে; যা ডিসেম্বর-২০২০ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ৩.৭০ কি.মি. সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন এবং কালশী মোড়ে ৮৪৪ মিটার ফ্লাইওভার নির্মাণ করা হবে। প্রকল্পের মাধ্যমে মিরপুর, পল্লবী, ঢাকা ক্যান্টনমেন্ট, উত্তরা ও মহাখালির মধ্যে সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নতকরণ করা হবে।
- ৬৯৪ কোটি ৪১ লক্ষ টাকা ব্যয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন অঞ্চলের ক্ষতিগ্রস্ত সড়ক, নর্দমা ফুটপাত নির্মাণ ও উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প চলমান আছে, যা জুন-২০২১ এ সমাপ্ত হবে। উক্ত প্রকল্পের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় সড়ক, নর্দমা ও ফুটপাত নির্মাণসহ জলাবদ্ধতা নিরসনে ড্রেনেজ লাইন নির্মাণ করা হবে। যার ফলে প্রকল্প এলাকায় পথচারীদের চলাচল সুগম করাসহ যানজট হ্রাস পাবে।

#### **ভবিষ্যৎ পরিকল্পনা/প্রকল্পসমূহ:**

- ৪০২৫ কোটি ৭৩ লক্ষ টাকা ব্যয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অর্ভভূক্ত ১৮টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ১৬১.৭২ কি.মি. রাস্তা, ২২২.৮২ কি.মি. ড্রেন নির্মাণ ও উন্নয়ন করা হবে। এছাড়া ১১ হাজার ২২৪টি এলাইট স্থাপন করা হবে।
- ৩০০০ কোটি টাকা ব্যয়ে মিরপুর আনসার ক্যাম্প হতে রজনীগঙ্গা মার্কেট থেকে কাকলী এবং মাটিকাটা পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ প্রকল্পের মাধ্যমে ৪.৭ কি.মি. সড়ক/নর্দমা/ফুটপাথ ও ৫.১০ কি.মি. এলিভেটেড সড়ক নির্মাণ ও উন্নয়ন করা হবে।
- ৭০ কোটি টাকা ব্যয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাড়া এলাকায় বহুতলা বিশিষ্ট সেবক নিবাস নির্মাণ প্রকল্পের মাধ্যমে ১টি ১৫ তলা আবাসিক ভবন ও ২৪২ মিটার অভ্যন্তরীন রাস্তা ও ড্রেন নির্মাণ করা হবে।
- ৮২৬ কোটি ৮০ লক্ষ টাকা ব্যয়ে “আমিনবাজার ল্যান্ডফিল সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের” মাধ্যমে ২.৭ কি.মি. বাঁধ, ৩.৬ কি.মি. রাস্তা, ৫৪০০ বর্গমিটার ডাম্পিং প্লাটফর্ম, ৭৭৮টি প্লানটেশন এবং ৩.২২ কি.মি. ড্রেন নির্মাণ করা হবে।
- ১৩১৯ কোটি ৮৯ লক্ষ টাকা ব্যয়ে বর্জের রিসোর্স রিকোভারি সুবিধাদিসহ ডিএনসিসির বর্ধিতাংশের জন্য আধুনিক স্যানিটারি ল্যান্ডফিল নির্মাণ প্রকল্পের মাধ্যমে ২টি টায়ার ডোজার, ৬টি হাইড্রোলিক স্কেভেটের, ২টি হাইড্রোলিক লং বুম স্কেভেটের, ৬টি বুলডোজার/চেইন ডোজার, ২টি পে-লোডার, ৫টি ডাম্প ট্রাক (১০টন), ২টি ওয়েষ্ট কম্পেক্টর ক্রয় করা হবে। এছাড়াও ওয়ার্কসপ বিল্ডিং, স্টেরেজ হাউজ, সাব-কেন্দ্রেশন রুম ও সিকিউরিটি ব্যারাক নির্মাণ করা হবে।
- ৪৯ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে আধুনিক যান-যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে সড়ক পরিষ্কার ও বর্জ্য ব্যবস্থাপনা কাজের উন্নয়ন মাধ্যমে প্রকল্পের মেকানিক্যাল রোড সুইপার মেশিন, এপেক্সি/সোয়াম্প টাইপ চেইন ডোজার, বেকহো-লোডার, কম্পেক্টর ট্রাক ক্রয় করা হবে।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকার বর্জ্য ব্যবস্থা আধুনিকায়ন ও উন্নয়ন প্রকল্পে এসটিএস এর জন্য ৩ একর ভূমি অধিশৃঙ্খল, ভূমি উন্নয়ন (৪৯৩২৮ ঘনমিটার মাটি ভরাট), ১৪১৩ মিটার বাউন্ডারী ওয়াল নির্মাণ, ৪০০৮০ বর্গমিটার এলাকার কার পাকিং নির্মাণ, ৭৮৪৬ বর্গমিটার স্টের বিল্ডিং নির্মাণ ৩২৫৪ বর্গমিটার ওয়ার্কসপ নির্মাণ, ৩০১ বর্গমিটার ইউটিলিটি বিল্ডিং নির্মাণ, ৩৬টি এসটিএস নির্মাণ, ১৮টি ওয়ার্ড অফিস নির্মাণ, ৫ ধরণের বর্জ্য অপসারণ যন্ত্রপাতি সংগ্রহ।
- ২৮৪২ কোটি ৬৫ লক্ষ টাকা ব্যয়ে জল নিসর্গ - ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় দীগুন মৌজাধীন জলাধার সংরক্ষণে জলজ ও স্থলজ জীব বৈচিত্র্য সমর্পিত প্রকল্পের মাধ্যমে ব্রিজ, সুইস গেট, পাওয়ার প্ল্যাট, সুইমিং পুল ও হুদ, ভাসমান কনভেনশন কেন্দ্র ও ভাসমান রেন্টেরা নির্মাণ করা হবে।

- ৪৯ কোটি ৫২ লক্ষ টাকা ব্যয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ২৬ ও ৩৩ নং ওয়ার্ডে বহুতলবিশিষ্ট আধুনিক কমিউনিটি সেন্টার নির্মাণ প্রকল্পের মাধ্যমে ৭২৪৫ বর্গমিটার আয়তনের ৬ তলা বিশিষ্ট ১টি কমিউনিটি সেন্টার ভবন ও ৩৬৮০ বর্গমিটার আয়তনের ৮ তলা বিশিষ্ট ১টি কমিউনিটি সেন্টার ভবন নির্মাণ করা হবে।
- ৪০১ কোটি টাকা ব্যয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্পের মাধ্যমে বিদ্যমান সড়ক উন্নয়নসহ নতুন সড়ক নির্মাণ, প্রতিবন্ধীবান্ধব ফুটপাথ নির্মাণ, জলাবদ্ধতা দূরীকরণে ড্রেন নির্মাণসহ সড়কবাতি ও ট্রাফিক সিগনাল স্থাপন করা হবে।

**সাংবাদিক বন্ধুরা,**

পরিশেষে বলতে চাই। এই শহর আমাদের সকলের। নগরবাসীর একটু সচেতনতায় আমরা অনুপ্রাণিত হবো, একই সাথে ডিএনসিসির কাজও অনেক সহজ হয়ে যাবে। এ সহযোগিতা আমি প্রতি মুহূর্তে নগরবাসীর কাছে প্রত্যাশা করি। আমাদের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে আপনাদের গঠনমূলক সমালোচনা প্রত্যাশা করি। গণমাধ্যমের গঠনমূলক সমালোচনা আমাকে এগিয়ে নিতে সহায়তা করবে। আর ভালো কাজগুলোকে তুলে ধরলে আমরা আরো ভালো কাজ করতে অনুপ্রাণিত হবো। পরিশেষে আজ যে বাজেট ঘোষণা করা হলো তা বাস্তবায়নে আমি সকলের সহযোগিতা প্রত্যাশা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবি হোক।

তারিখঃ ২ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ

১৭ জুলাই, ২০১৯ খ্রিঃ

মোঃ আতিকুল ইসলাম

মেয়র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

এক নজরে বাজেট  
অর্থ বছর ২০১৯-২০২০

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
	প্রারম্ভিক স্থিতি	২০৩.২৫	২৪৯.০০	২২৭.২০
<b>আয়</b>				
১	রাজস্ব	৮৫৭.২০	৭৯৩.০০	১১০৬.৮০
২	অন্যান্য	৭.০০	৮.২৫	৯.০০
৩	সরকারি অনুদান (থোক)	১৫০.০০	৫৪.৭৮	১০০.০০
৪	সরকারি বিশেষ অনুদান	৫০.০০	১৩.৫০	৫০.০০
	মোট	১০৬৪.২০	৮৬৯.৫৩	১২৬৫.৮০
৫	সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প	১৩০০.০০	৭০৮.১০	১৫৬৮.৬৮
	<b>সর্বমোট আয়</b>	<b>২৫৬৭.৮৫</b>	<b>১৮২২.৬৩</b>	<b>৩০৫৭.২৪</b>
<b>ব্যয়</b>				
১	রাজস্ব ব্যয়	৪৩৬.৪০	৩৭৯.৯৮	৫৫১.৪০
২	অন্যান্য ব্যয়	১১.০০	৫.৬০	১২.০০
৩	উন্নয়ন ব্যয়			
৩.১	উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস, সরকারি অনুদান)	৬৬২.৮০	৫০৫.৭৫	৭৭১.১০
৩.২	উন্নয়ন ব্যয় (সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প)	১৩০০.০০	৭০৮.১০	১৫৬৮.৬৮
	উপমোট-উন্নয়ন ব্যয়	১৯৬২.৮০	১২০৯.৮৫	২৩৩৫.৭৪
	<b>সমাপনী স্থিতি</b>	<b>১৫৭.২৫</b>	<b>২২৭.২০</b>	<b>১৫৮.১০</b>
	<b>সর্বমোট ব্যয়</b>	<b>২৫৬৭.৮৫</b>	<b>১৮২২.৬৩</b>	<b>৩০৫৭.২৪</b>

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

বাজেটের রাজস্ব আয়সহ অন্যান্য আয়ের বিবরণ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
	প্রারম্ভিক স্থিতি	২০৩.২৫	২৪৯.০০	২২৭.২০
<b>রাজস্ব আয়</b>				
১	কর (হোল্ডিং, পরিচ্ছন্ন, লাইটিং)	৮০০.০০	৮০০.০০	৮৮০.০০
২	বাজার সালামী	৫০.০০	৮.০০	১০০.০০
৩	বাজার ভাড়া	১০.০০	৮.৬০	১০.০০
৪	ট্রেড লাইসেন্স	৬০.০০	৬০.০০	১০০.০০
৫	রিস্কো লাইসেন্স ফি	১.০০	১.০০	০.৩০
৬	প্রমোদ কর	২.৫০	২.২৫	২.৫০
৭	সম্পত্তি হস্তান্তর কর	২০০.০০	২১৫.০০	৩০০.০০
৮	নগর ট্যাক্স	১.০০	১.০০	১.০০
৯	ক্ষতিপূরণ (অকট্রয়)	১.০০	১.০০	১.০০
১০	বিজ্ঞাপন	৭.০০	৬.৫০	১০.০০
১১	বাস/ট্রাক টার্মিনাল	৮.০০	৮.০০	১০.০০
১২	গরুর হাট (কোরবানীর হাটসহ)	২৫.০০	২৩.৫২	৩০.০০
১৩	ইজারা (টয়লেট, ঘাট ইত্যাদি)	১.৫০	০.৮০	১.০০
১৪	পুরাতন অকেজে মালামাল বিক্রয়	০.২৫	০.২০	০.২৫
১৫	জবাইখানা ইজারা	০.১০	০.০৮	০.১০
১৬	সড়ক খনন ফি	৬০.০০	২৫.০০	৬০.০০
১৭	যন্ত্রপাতি ভাড়া	০.১৫	০.৩০	২.০০
১৮	সিডিউল ও অন্যান্য ফরম বিক্রয়	০.২০	০.৭৫	০.৭৫
১৯	কমিউনিটি সেন্টার ভাড়া	২.৫০	২.৫০	৩.০০
২০	কবরস্থান, শাশানঘাট	৬.০০	১২.০০	১২.০০
২১	বিদ্যুৎ বিল আদায়	১০.০০	১১.৫০	১২.০০
২২	বিবাহ, জন্ম ও মৃত্যু	৩.০০	২.০০	৩.০০
২৩	অন্যান্য ভাড়া	২.০০	২.০০	২.০০
২৪	অন্যান্য	৬.০০	৫.০০	৫.৫০
	মোট রাজস্ব আয়	৮৫৭.২০	৭৯৩.০০	১১০৬.৮০
<b>অন্যান্য আয়</b>				
১	অপ্রয়োজনীয়/অব্যবহার্য সম্পদ বিক্রয় ও অন্যান্য	১.০০	২.০০	২.০০
২	খণ্ড গ্রহণ	১.০০	০.০০	১.০০
৩	খণ্ড আদায় (কর্মকর্তা/কর্মচারীদের গৃহ-নির্মাণ খণ্ড ও অন্যান্য)	১.০০	১.২৫	১.০০
৪	ব্যাংক হতে প্রাপ্ত সুদ	৮.০০	৫.০০	৫.০০
	মোট	৭.০০	৮.২৫	৯.০০
১	সরকারি অনুদান (থোক)	১৫০.০০	৫৪.৭৮	১০০.০০
২	সরকারি বিশেষ অনুদান	৫০.০০	১৩.৫০	৫০.০০
৩	সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প	১৩০০.০০	৭০৮.১০	১৫৬৪.৬৮
	মোট	১৫০০.০০	৭৭২.৩৮	১৭১৪.৬৪
	সর্বমোট আয়	২৫৬৭.৮৫	১৮২২.৬৩	৩০৫৭.২৪

নোট : ‘উন্নয়ন থোক’ হিসেবে সরকারি বিশেষ অনুদান পাওয়া গেলে খাতভিত্তিক প্রকল্প এহণ/ব্যয় করা হবে।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়সহ অন্যান্য ও উন্নয়ন ব্যয়ের সারাংশ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
<b>রাজস্ব ব্যয়</b>				
১	বেতন, পারিশ্রমিক ও ভাতা	১৭৫.০০	১৬০.০০	২০০.০০
২	বিদ্যুৎ, জ্বালানী ও পানি	৫৮.৫০	৫৪.২০	৬১.৭০
৩	মেরামত ও রক্ষণাবেক্ষণ	৩০.২৫	২৫.৫০	২৯.০৫
৪	মশক নিয়ন্ত্রণ কার্যক্রম (মানিটারিং/সার্ভাইলেন্সহ)	২১.০০	১৭.৫০	৪৯.৩০
৫	সরবরাহ	২২.৯৫	২২.১০	৩১.৭০
৬	ভাড়া, রেটস্ক ও কর	১৩.০০	৬.২০	১৬.০৫
৭	কল্যাণমূলক ব্যয়	১২.৫০	১১.০০	১৫.০০
৮	ভ্রমণ ও যাতায়াত	০.১০	০.১০	০.১০
৯	ডাক, তার ও দূরালাপনী	০.৫০	০.৩০	০.৫০
১০	আতিথেয়তা ও উৎসব	৩.৫০	২.৫০	৩৪.০০
১১	সুদ	০.১০	০.০০	০.১০
১২	বিজ্ঞাপন ও প্রচারণা	৩.০০	২.০০	৫.০০
১৩	ফি	৮.৫০	৭.৮০	১২.৩০
১৪	প্রশিক্ষণ ও বিভিন্ন সংস্থার চাঁদা	২.৮০	১.৮০	২.৮০
১৫	বীমা	০.২৫	০.১৮	০.৩০
১৬	নগরীর বর্জ্য ব্যবস্থাপনা	৭৮.০০	৬৩.৬০	৮৬.০০
১৭	মোবাইল কোর্ট/উচ্চেদ/ভেজাল বিরোধী অভিযান	০.৮৫	০.২০	২.০০
১৮	অঞ্চলের প্রশাসনিক ব্যয়	১.০০	০.০০	০.৫০
১৯	বিবিধ ব্যয়	৫.০০	৫.০০	৫.০০
	<b>মোট রাজস্ব ব্যয়</b>	<b>৪৩৬.৮০</b>	<b>৩৭৯.৯৮</b>	<b>৫৫১.৮০</b>
<b>অন্যান্য ব্যয়</b>				
১	ঝণ পরিশোধ/ডিএসএল/মামলা সংক্রান্ত ও অন্যান্য	৫.০০	৩.০০	৫.০০
২	সালামী ফেরৎ	৩.০০	২.০০	৮.০০
৩	গৃহ নির্মাণ ও মটর সাইকেল অন্যান্য অঙ্গী	২.৫০	০.৫০	২.৫০
৪	সাময়িক ঝণ প্রদান	০.৫০	০.১০	০.৫০
	<b>মোট অন্যান্য ব্যয়</b>	<b>১১.০০</b>	<b>৫.৬০</b>	<b>১২.০০</b>
<b>উন্নয়ন ব্যয়</b>				
১	উন্নয়ন বাজেট (নিজস্ব উৎস ও সরকারি অনুদান)	৬১২.৮০	৫০৫.৭৫	৭২১.১০
২	সরকারি বিশেষ অনুদান	৫০.০০	০.০০	৫০.০০
৩	সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প	১৩০০.০০	৭০৮.১০	১৫৬৪.৬৮
	<b>মোট উন্নয়ন ব্যয়</b>	<b>১৯৬২.৮০</b>	<b>১২০৯.৮৫</b>	<b>২৩৩৫.৭৮</b>
	<b>সমাপনী স্থিতি</b>	<b>১৫৭.২৫</b>	<b>২২৭.২০</b>	<b>১৫৮.১০</b>
	<b>সর্বমোট ব্যয়</b>	<b>২৫৬৭.৮৫</b>	<b>১৮২২.৬৩</b>	<b>৩০৫৭.২৮</b>

নোটঃ বাজেট বরাদ্দকৃত ঢাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
<b>রাজস্ব ব্যয়</b>				
১	বেতন, পারিশ্রমিক ও ভাতা	১৭৫.০০	১৬০.০০	২০০.০০
২	বিদ্যুৎ, জ্বালানী ও পানি	৫৮.৫০	৫৮.২০	৬১.৭০
২.১	বিদ্যুৎ	২৩.০০	২১.০০	২৪.০০
২.২	গাড়ির জ্বালানী (তেল, গ্যাস, ইত্যাদি)	৩৩.০০	৩১.০০	৩৫.০০
২.৩	পানি	২.০০	১.৭০	২.২০
২.৪	গ্যাস	০.৫০	০.৫০	০.৫০
৩	মেরামত ও রক্ষণাবেক্ষণ	৩০.২৫	২৫.৫০	২৯.০৫
৩.১	মেরামত ও রক্ষণাবেক্ষণ (পুরকৌশল)	৩.০০	২.৫০	৩.০০
৩.২	মেরামত ও রক্ষণাবেক্ষণ (চিইসি)	১.৫০	১.২৫	১.৫০
৩.৩	মেরামত ও রক্ষণাবেক্ষণ (যাত্রিক)	৮.৫০	৮.৫০	৮.৫০
৩.৪	মেরামত ও রক্ষণাবেক্ষণ (বিদ্যুৎ)	৬.০০	৬.০০	৬.০০
৩.৫	মেরামত ও রক্ষণাবেক্ষণ-বাজার (বিদ্যুৎ)	২.৫০	১.৫০	১.০০
৩.৬	মেরামত ও রক্ষণাবেক্ষণ-বাজার (চিইসি)	১.০০	০.৫০	১.০০
৩.৭	ট্যালেট	০.২৫	০.২৫	০.২৫
৩.৮	সলিডওয়েষ্ট ওয়ার্কশপ	২.০০	২.০০	২.৫০
৩.৯	প্রধান কার্যালয় মেরামত ও রক্ষণাবেক্ষণ	১.০০	০.৫০	২.০০
৩.১০	ট্রাকের বডি নির্মাণ/হাতগাড়ি/ কন্টেইনার বক্স নির্মাণের মালামালসহ মেরামত	২.০০	০.৫০	১.০০
৩.১১	বাস/ট্রাক টার্মিনাল	১.০০	০.৫০	০.৫০
৩.১২	বর্জ্য বিভাগের বিভিন্ন স্থাপনা রক্ষণাবেক্ষণ	০.৫০	০.৫০	০.৮০
৩.১৩	ইউটিলিটি প্রতিহাপন	৫.০০	৫.০০	৫.০০
৪	মশক নিয়ন্ত্রণ কার্যক্রম	২১.০০	১৭.৫০	৪৯.৩০
৪.১	মশক ঔষধ	১৮.০০	১৮.০০	৩০.০০
৪.২	কুচুরিপানা/আগাছা পরিষ্কার ও পরিচর্যা	১.০০	১.৫০	২.৫০
৪.৩	ফগার/ছাইল/স্প্রেমেশন পরিবহন	২.০০	২.০০	৩.৮০
৪.৪	মশক নিয়ন্ত্রণ কার্যক্রমে বিশেষ কর্মসূচী	০.০০	০.০০	১.০০
৪.৫	আউটসোর্সিং এর মাধ্যমে মশক নিয়ন্ত্রণ কার্যক্রম	০.০০	০.০০	১২.০০
৫	সরবরাহ	২২.৯৫	২২.১০	৩১.৭০
৫.১	মটর গাড়ির যত্নাংশ (টায়ার-চিউবসহ)	৮.০০	৮.০০	৮.২৫
৫.২	টোনার কালি ও অন্যান্য	১.০০	১.০০	১.০০
৫.৩	অফিস নেটওয়ার্ক ও ইন্টারনেট (আইসিটি)	০.০০	০.০০	০.৫০
৫.৪	রং ও অন্যান্য মালামাল	০.১০	০.১০	০.৫০
৫.৫	জরুরী মালামাল (যাত্রিক)	৩.০০	৩.০০	৩.২৫
৫.৬	জরুরী মালামাল (পুরকৌশল)	১.২৫	১.২৫	১.৫০
৫.৭	বৈদ্যুতিক মালামাল (তার, ক্যাবল, টিউব লাইট, ইত্যাদি)	৩.০০	৩.০০	৮.০০
৫.৮	বর্জ্য ব্যবস্থাপনা কাজের ব্যবহৃত সামগ্রী	২.০০	২.০০	৩.০০
৫.৯	মনোহরী	১.৫০	১.২৫	২.৫০
৫.১০	মুদ্রন (বাঁধাইসহ)	৮.৫০	৮.৫০	৮.৫০
৫.১১	পোষাক, ছাতা, জুতা ইত্যাদি	১.৫০	১.০০	২.০০
৫.১২	সাবান	০.১০	০.১০	০.২৫
৫.১৩	ব্লিচিং পাউডার/কেমিক্যাল	০.২৫	০.২৫	০.৫০
৫.১৪	প্রাণী ব্যবস্থাপনা	০.২৫	০.২০	২.০০
৫.১৫	প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা/স্বাস্থ্য শিক্ষা/প্রচারণা	০.২৫	০.২০	১.৫০
৫.১৬	জন্ম নিবন্ধন কর্মসূচি	০.২৫	০.২৫	০.২৫
৫.১৭	তামাক নিয়ন্ত্রণ	০.০০	০.০০	০.২০

নোট ৪: বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

অর্থিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
৬	ভাড়া, রেটস ও কর	১৩.০০	৬.২০	১৬.০৫
৬.১	বাড়ি ভাড়া (কাউন্সিলর অফিসসহ)	০.৫০	০.৭০	২.০০
৬.২	গাড়ি ফিটনেস্‌ ও ট্যাক্সি	০.২৫	০.২০	০.৩০
৬.৩	ভূমি উন্নয়ন কর	৮.০০	০.৮০	৮.০০
৬.৪	হায়ারিং চার্জ	১.০০	০.৮০	২.৫০
৬.৫	হাট বাজার ইজারা হতে মুক্তিযোদ্ধাদের অংশ	০.৭৫	০.৬০	০.৭৫
৬.৬	৭-ভূমি রাজস্ব	৬.০০	৩.০০	৬.০০
৬.৭	ডিএনসিসির ভূমি ও বিভিন্ন স্থাপনার রেকর্ড সংগ্রহ ও সংরক্ষণ	০.৫০	০.১০	০.৫০
৭	কল্যাণমূলক ব্যয়	১২.৫০	১১.০০	১৫.০০
৭.১	মসজিদ/মাদ্রাসা (ধর্মীয় প্রতিষ্ঠান) অনুদান	১.০০	০.৩০	১.০০
৭.২	ক্রীড়া ও সাংস্কৃতিক	১.০০	০.৫০	১.০০
৭.৩	প্রাকৃতিক দুর্যোগ (বন্যা, দুর্ঘটনা ও অগ্নিকান্ড)	১.০০	০.৮০	১.০০
৭.৪	সমাজকল্যাণমূলক কার্যক্রম	১.০০	০.৮০	১.০০
৭.৫	দারিদ্র্য ও মেধাবী ছাত্রদের বৃত্তি	১.০০	০.২৫	১.০০
৭.৬	মেয়ার মহোদয়ের গ্রাহিক তহবিল	৫.০০	৬.৯০	৭.০০
৭.৭	শিশুদের জন্য অনুদান ও পূর্ববাসন	০.৫০	০.১০	০.৫০
৭.৮	ধর্মীয় উৎসব অনুষ্ঠান	২.০০	২.১৫	২.৫০
৮	অ্রমণ ও যাতায়াত	০.১০	০.১০	০.১০
৯	ডাক, তার ও দুরালাপনী ফ্যাক্স	০.৫০	০.৩০	০.৫০
১০	আতিথেয়তা ও উৎসব	৩.৫০	২.৫০	৩৪.০০
১০.১	আতিথেয়তা	১.৫০	১.৫০	২.০০
১০.২	উৎসব (জাতীয় উৎসব ও নাগরিক সংবর্ধনা ইত্যাদি)	২.০০	১.০০	২৭.০০
১০.৩	জাতির জনক বঙবন্দু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্ঘাপন	০.০০	০.০০	৫.০০
১১	সুদ	০.১০	০.০০	০.১০
১২	বিজ্ঞাপন ও প্রচারণা	৩.০০	২.০০	৫.০০
১৩	ফি	৮.৫০	৭.৮০	১২.৩০
১৩.১	কারিগরী উপদেষ্টা/সার্ভে ফি/কলসালটেসি ফি	৫.০০	৫.০০	৫.০০
১৩.২	গাড়ি রেজিস্ট্রেশন ফি	০.২৫	০.৮০	০.৮০
১৩.৩	আইনজীবিদের ফি	২.২৫	২.০০	৩.০০
১৩.৪	উপদেষ্টা ফি (আইসিটি)	০.৫০	০.৮০	০.৫০
১৩.৫	ওয়ার্ড ও অঞ্চল ভিত্তিক মানচিত্র প্রণয়ন ফি	০.৫০	০.০০	৩.০০
১৪	প্রশিক্ষণ ও বিভিন্ন সংস্থার চাঁদা	২.৮০	১.৮০	২.৮০
১৪.১	বিদেশে প্রতিনিধি প্রেরণ	১.০০	০.৫০	১.০০
১৪.২	আন্তর্জাতিক নগরসমূহের সংগে দ্বি-পার্শ্বিক সম্পর্ক	০.১০	০.১০	০.১০
১৪.৩	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ (দেশে ও বিদেশে)	১.০০	০.৫০	১.০০
১৪.৪	সিটিনেট/আইসিএলইআইও এর চাঁদা ও আনুসার্বিক	০.১০	০.১০	০.১০
১৪.৫	ওআইসি-এর বার্ষিক চাঁদা	০.১০	০.১০	০.১০
১৪.৬	ওয়ার্ল্ড কনফারেন্স অব মেয়ার-এর বার্ষিক চাঁদা	০.১০	০.১০	০.১০
১৪.৭	সার্ক মেয়ার ফোরাম-এর চাঁদা	০.১০	০.১০	০.১০
১৪.৮	সেমিনার/সিম্পোজিয়াম	০.১০	০.১০	০.১০
১৪.৯	কমনওয়েলথ লোকাল গভর্নেন্স এর চাঁদা	০.১০	০.১০	০.১০
১৪.১০	ওয়ার্ল্ডই-গভঃ অরগানাইজেশন অব সিটিজ এন্ড লোকাল গভঃ এর চাঁদা/অন্যান্য প্রতিষ্ঠানের চাঁদা	০.১০	০.১০	০.১০

নোট ৪ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের রাজস্ব ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
১৫	বীমা	০.২৫	০.১৮	০.৩০
১৫.১	মালামাল আমদানী	০.০৫	০.০০	০.০৫
১৫.২	যানবাহনের বীমা	০.০৫	০.০০	০.০৫
১৫.৩	গোষ্ঠী বীমা	০.১৫	০.১৮	০.২০
১৬	নগরীর বর্জ্য ব্যবস্থাপনা	৭৮.০০	৬৩.৬০	৮৬.০০
১৬.১	কমিউনিটি ওয়েষ্ট ম্যানেজমেন্ট	০.৫০	০.১০	০.৫০
১৬.২	বেসরকারি বর্জ্য ব্যবস্থাপনা	৬৫.০০	৫৫.০০	৬৮.০০
১৬.৩	বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম	৫.০০	৮.০০	৮.০০
১৬.৪	ড্রেন ক্লিনিং	৫.০০	২.০০	৭.০০
১৬.৫	ল্যান্ডফিল অপারেশন	২.৫০	২.৫০	২.৫০
১৭	মোবাইল কোর্ট/উচ্চেদ/ভেজাল বিরোধী অভিযান	০.৮৫	০.২০	২.০০
১৮	অঞ্চলের প্রশাসনিক ব্যয়	১.০০	০.০০	০.৫০
১৯	বিবিধ ব্যয়	৫.০০	৫.০০	৫.০০
	মোট রাজস্ব ব্যয়	৮৩৬.৮০	৩৭৯.৯৮	৫৫১.৮০

নোট ৪: বৈদেশিক ব্যয়, বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য।

নোট ৪: বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
১	সড়ক ও ট্রাফিক অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন	২৬৪.০০	২৩৫.৭৫	৩৬৩.০০
১.১	সড়ক, ফুটপাথ ও সারফেস ড্রেন	১৮০.০০	১৬২.০০	২৫৬.০০
১.২	সড়ক, ফুটপাথ ও সারফেস ড্রেন (এ্যাসফল্ট যান্ত্রিক)	৫.০০	৬.০০	০.০০
১.৩	সড়ক, ফুটপাথ ও সারফেস ড্রেন (এ্যাসফল্ট-পুরাকোশল)	১০.০০	১১.৫০	১০.০০
১.৪	সড়ক, ফুটপাথ ও সারফেস ড্রেন (সিমেন্ট কনক্রিটের)	৫.০০	৫.০০	৬.০০
১.৫	সড়কের মিডিয়ান	১.০০	৫.০০	৩.০০
১.৬	সড়ক খনন	২৫.০০	২৫.০০	৩০.০০
১.৭	সড়ক বিদ্যুৎতায়ন	২৫.০০	৫.০০	৩৬.০০
১.৮	ফুটওভার ব্রীজ/আন্ডারপাস/ব্রীজ	১০.০০	৮.০০	১২.০০
১.৯	বাস/ট্রাক টার্মিনাল	১.০০	০.২৫	৩.০০
১.১০	ট্রাফিক অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ	২.০০	৮.০০	৭.০০
২	কবরঙ্গান/শাশানঘাট সংস্কার ও উন্নয়ন	৮.৭৫	৮.০০	৭.২৫
২.১	কবরঙ্গান	৩.০০	৩.৫০	৫.০০
২.২	শশ্যানঘাট	০.৫০	০.০০	১.৫০
২.৩	বৌদ্ধ ধর্মাবলম্বীদের শেষকৃত্য স্থান নির্মাণ	০.২৫	০.০০	০.২৫
২.৪	মসজিদ নির্মাণ ও উন্নয়ন	১.০০	০.৫০	০.৫০
৩	নাগরিক ও বিনোদনমূলক সুবিধাদি উন্নয়ন	৩.০০	৫.০০	৮.০০
৩.১	পার্ক উন্নয়ন	২.০০	৩.৫০	২.০০
৩.২	খেলার মাঠ	১.০০	১.৫০	২.০০
৪	ভৌত অবকাঠামো নির্মাণ, উন্নয়ন/রক্ষণাবেক্ষণ	৬২.২৫	৮৩.৭৫	৭৬.৭৫
৪.১	আঞ্চলিক অফিস ও অন্যান্য স্থাপনা	১.০০	২.৫০	৮.০০
৪.২	কমিউনিটি সেন্টার	১৫.০০	৫.০০	১০.০০
৪.৩	শরীরচর্চা কেন্দ্র	০.২৫	০.২৫	০.২৫
৪.৪	কাউন্সিলর অফিস ও লাইব্রেরী	১.০০	০.২৫	১.২৫
৪.৫	বাজার নির্মাণ ও উন্নয়ন	২৫.০০	১৫.০০	২৫.০০
৪.৬	অফিসার্স কোয়ার্টার	০.৫০	২.৫০	১.০০
৪.৭	ষাফ কোয়ার্টার	১৫.০০	১৫.০০	১৫.০০
৪.৮	জবাইথানা	০.৫০	০.২৫	০.৫০
৪.৯	পশুর হাট	০.৫০	০.৫০	০.৫০
৪.১০	হাসপাতাল ও মাতৃসদন	০.৫০	০.০০	০.৫০
৪.১১	পরিচ্ছন্নকর্মীদের আবাসন	০.২৫	০.২৫	০.২৫
৪.১২	কার পার্কিং	০.৫০	০.৫০	২.০০
৪.১৩	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য ওয়ার্ড অফিস নির্মাণ	১.০০	১.০০	১.৫০
৪.১৪	ওয়েষ্ট ম্যানেজম্যান্ট ওয়ার্কশপ	০.২৫	০.২৫	১.০০
৪.১৫	নগর ভবন নির্মাণ	১.০০	০.৫০	৯.৫০
৪.১৬	যান্ত্রিক ওয়ার্কশপ	০.০০	০.০০	০.৫০

নোটঃ বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

## বাজেটের উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণ

(কোটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
৫	পরিবেশ উন্নয়ন	১৯.২০	১৪.৫০	২৩.৩৫
৫.১	বৃক্ষ রোপণ/বনায়ন	১.০০	২.০০	২.০০
৫.২	বন্তি এলাকার অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন	১.০০	০.৫০	১.০০
৫.৩	সৌন্দর্য বৃদ্ধিকরণ	২.০০	২.০০	৮.০০
৫.৪	সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন	১.৫০	০.৫০	৫.০০
৫.৫	পাবলিক ট্যালেট	০.৫০	০.৫০	১.০০
৫.৬	নগর প্রত্নতাত্ত্বিক নির্দেশন স্থাপন	০.১০	০.০০	০.১০
৫.৭	ল্যান্ডফিল রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন	১৩.০০	৯.০০	১০.০০
৫.৮	জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা	০.১০	০.০০	০.২৫
৬	বিশেষ উন্নয়ন প্রকল্প	৫৫.০০	৫৫.০০	৫০.০০
৭	নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান	১.০০	০.২৫	১.০০
৮	ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	১.০০	১.০০	১৫.০০
৯	জিওবি প্রকল্পে ডিএনসিসির অংশ/অর্থায়ন	১৭০.০০	১১৪.০০	৯০.০০
১০	সরঞ্জাম, যন্ত্রপাতি সম্পদ ক্রয় (পরিশিষ্ট-“ক”)	৩২.৬০	৩২.৫০	৯০.৭৫
	মোট (নিজস্ব উৎস ও সরকারি অনুদান)	৬১২.৮০	৫০৫.৭৫	৭২১.১০
১১	উন্নয়ন থোক	৫০.০০	০.০০	৫০.০০
১২	সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প (পরিশিষ্ট-“খ”)	১৩০০.০০	৭০৪.১০	১৫৬৪.৬৪
	মোট উন্নয়ন ব্যয়	১৯৬২.৮০	১২০৯.৮৫	২৩৩৫.৭৪

নোট ৪: বাজেট বরাদ্দকৃত টাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

উন্নয়ন বাজেটের ১০ নং ক্রমিকের সরঞ্জাম, যন্ত্রপাতি ও সম্পদ ক্রয়ের বিস্তারিত বিবরণ

(কেটি টাকায়)

ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
১	যাত্রিক বিভাগের মাধ্যমে যন্ত্রপাতি আধুনিকায়ণ, উন্নয়ন ও ক্রয়	৫.০০	৭.০০	২০.০০
২	যানবাহন ক্রয়	১.০০	১.০০	২০.০০
৩	বিদ্যুৎ বিভাগের যন্ত্রপাতি	০.৫০	০.৫০	১.০০
৪	বেতার যন্ত্র (ব্যাটারী ও যন্ত্রাংশসহ)	১.৮০	১.৮০	০.৫০
৫	টেলিফোন সেট, ফ্যাক্স ও খুচরা যন্ত্রাংশ	০.১০	০.১০	০.২০
৬	জেনারেটর/লিফ্ট ক্রয় এবং স্থাপন	১.০০	০.৫০	১.০০
৭	এয়ারকুলার ক্রয় এবং স্থাপন	০.৫০	০.৩০	০.৫০
৮	ইন্টারকম সেট/পিএবিএক্স স্থাপন	০.১০	০.১০	০.৫০
৯	বর্জ্য বিভাগের মাধ্যমে যন্ত্রপাতি আধুনিকায়ণ, উন্নয়ন ও ক্রয়	১৪.৫০	৯.৫০	২০.০০
১০	হাতগাড়ি কটেইনার বক্স ও বীন	২.০০	১.০০	২.০০
১১	বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের ট্রাক ও মটরসাইকেল	১.০০	০.৫০	৫.০০
১২	ফ্লিনিং মেশিন	০.৫০	০.০০	০.৫০
১৩	কম্পিউটার/সফটওয়ার/ফটোকপিয়ার/মাল্টিমিডিয়া/এক্সেসরিজ	১.০০	০.৭৫	৩.০০
১৪	বিবিধ সম্পদ ক্রয়	০.৫০	০.৫০	০.৫০
১৫	মশক নিয়ন্ত্রণ যন্ত্রপাতি	২.০০	৮.০০	১০.০০
১৬	স্বাস্থ্য বিভাগের যন্ত্রপাতি (মাতৃসন্দন/হাসপাতাল)	০.১০	০.১০	০.১০
১৭	এ্যাম্বুলেন্স ক্রয়	০.০০	০.০০	০.৫০
১৮	খাদ্য পরীক্ষাগার	০.১০	০.০০	০.১০
১৯	আসবাবপত্র	১.০০	১.০০	৫.০০
২০	অগ্নিনির্বাপক যন্ত্রপাতি	০.১০	০.১০	০.১০
২১	লাইব্রেরী	০.১০	০.০৫	০.১০
২২	শরীরচর্চা কেন্দ্রের জন্য ব্যবহৃত সামগ্রী	০.১০	০.১০	০.১৫
	মোট	৩২.৬০	৩২.৫০	৯০.৭৫

নোট ৪: বাজেট বরাদ্দকৃত ঢাকা ক্যারিওভারসহ।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

পরিশিষ্ট ‘খ’

## বিষয় : সরকারি/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের বিবরণ

(কোটি টাকায়)


ক্রমিক নম্বর	খাত	বাজেট ২০১৮-২০১৯	সংশোধিত বাজেট ২০১৮-২০১৯	বাজেট ২০১৯-২০২০
<b>সরকারি ও বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প</b>				
১.১	নির্মল বায়ু ও টেকসই পরিবেশ প্রকল্প (ডিএনসিসি অংশ) আইডিএ ফাস্ট	১৩.১২	১৭.২৮	০.০০
১.২	ঢাকা শহরের ৩টি পাইকারী কঁচা বাজার নির্মাণ প্রকল্প	০.০১	০.০১	০.০১
১.৩	আরবান রেজিলিয়েন্স প্রজেক্ট (ডিএনসিসি'র অংশ) আইডিএ ফাস্ট	২১২.০০	২১২.০০	২৯৭.২৫
১.৪	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ক্ষতিগ্রস্ত সড়ক অবকাঠামো উন্নয়নসহ নর্দমা ও ফুটপাথ নির্মাণ প্রকল্প	২০০.০০	২৮৪.২৪	৬০.০০
১.৫	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক কাজের জন্য এ্যাসফল্ট প্লান্টে সংশ্লিষ্ট যান-যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন প্রকল্প	৯.৩৫	১৪.৩৫	৩০.৪৩
১.৬	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এলাকায় এলাইডি সড়কবাতি, সিসিটিভি ক্যামেরা ও সিসিটিভি কন্ট্রোল সেন্টার সরবরাহ ও স্থাপন প্রকল্প	৫০.০০	০.০১	৫০.০০
১.৭	গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনার বাসীদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ।	২৫.০০	০.২৫	৫০.০০
১.৮	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উম্মুক্তস্থান সমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সরুজায়ন প্রকল্প	৫০.০০	১২.৫০	১০০.০০
১.৯	ঢাকার তেজগাঁও সাতরাত্তা মোড় হতে উত্তরা হাউসবিল্ডিং পর্যন্ত ১১টি ইউটার্ন নির্মাণ প্রকল্প	০.০১	০.০১	১৭.৪৫
১.১০	সমন্বিত ঢাকা শহর উন্নয়ন প্রকল্প-আইডিএ ফাস্ট (বিএমডিএফ এর মাধ্যমে)	১০০.০০	১০.৭০	৮৪.৫০
১.১১	ইসিবি চতুর হতে মিরপুর পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন এবং কালশী মোড়ে ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প	১০০.০০	১৫০.০০	২৫০.০০
১.১২	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন অঞ্চলের সড়ক, নর্দমা, ফুটপাথসহ পরিবেশ উন্নয়ন ও সড়ক নিরাপত্তা প্রকল্প	১৫০.০০	২.৭৫	২৮০.০০
১.১৩	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অর্ভভূত ১৮ (আঠার) টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও উন্নয়ন প্রকল্প	২৫০.০০	০.০০	১০০.০০
১.১৪	মিরপুর আনসার ক্যাম্প হতে রজনীগঙ্গা মার্কেট হয়ে কাকলী এবং মাটিকাটা পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ প্রকল্প	৫০.০০	০.০০	৫.০০
১.১৫	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বাড়ো এলাকায় বহুতলা বিশিষ্ট সেবক কলোনী নির্মাণ প্রকল্প	৫.০০	০.০০	০.২০
১.১৬	বর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে রিসোর্স রিকভারী সুবিধাদি সহ আমিনবাজার ল্যান্ডফিলের সামগ্রিক উন্নয়ন ও সম্প্রসারণ কাজ	৫০.০০	০.০০	৫০.০০
১.১৭	বর্জ্যের রিসোর্স রিকভারী সুবিধাদি সহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্ধিতাংশের জন্য আধুনিক স্যানিটারী ল্যান্ডফিল নির্মাণ	৩৫.৫১	০.০০	৩৫.৫০
১.১৮	আধুনিক যান-যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে সড়ক পরিষ্কার ও বর্জ্য ব্যবস্থাপনা কাজের উন্নয়ন	০.০০	০.০০	৮৯.০০
১.১৯	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকায় বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন ও উন্নয়ন	০.০০	০.০০	১০০.০০
১.২০	জল নিসর্গ-ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় দীঘন মৌজাধীন জলাধার সংরক্ষনের জলজ ও স্লিজ জীব বৈচিত্র সমন্বিত উন্নয়ন প্রকল্প	০.০০	০.০০	৫.০০
১.২১	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় ২৬ ও ৩৩ নং ওয়ার্ডের বহুতল বিশিষ্ট আধুনিক কমিউনিটি সেন্টার নির্মাণ প্রকল্প	০.০০	০.০০	০.২০
১.২২	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প	০.০০	০.০০	০.১০
	মোট	১৩০০.০০	৭০৪.১০	১৫৬৪.৬৪



**MAP OF  
DHAKA NORTH CITY  
CORPORATION**



# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন



Dhaka South City Corporation

## Legend

### Zone Wise Ward List

Zone-01	1, 17
Zone-02	2, 3, 4, 5, 6, 7, 8, 15
Zone-03	18, 19, 20, 21, 22, 23, 24, 25, 35, 36
Zone-04	9, 10, 11, 12, 13, 14, 16
Zone-05	26, 27, 28, 29, 30, 31, 32, 33, 34
Zone-06	51, 52, 53, 54
Zone-07	47, 48, 49, 50
Zone-08	44, 45, 46
Zone-09	39, 40, 43
Zone-10	37, 38, 41, 42

■ ■ ■ ■ ■ City Corporation Boundary

— Ward Boundary

— Road Type -A

— Road Type -B

— Flyover/Bridge

— Railway

■ ■ ■ ■ ■ River/ Khal/Lake/Pond;  
Swamp / Marshland / Jheel / Beel / Haor

Total Area	183.461 sq km
Total Zone	10
Total Ward	54